দৈনিক ইত্তেফাক

তারিখ [illegible]
পৃষ্ঠা ২ কলাম ৭

15

## মাধ্যমিক শিক্ষকদের বেতন

সরকার বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের অনুদান ব্যাংকের মাধ্যমে বিতরণ করেন। মাধ্যমিক শিক্ষার মহাপরিচালকের দপ্তর হইতে ব্যাংকের ঢাকার প্রধান শাখায় চেক হস্তান্তর করা হয়। ব্যাংকগুলি সেই অর্থ আঞ্চলিক শাখার মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিতরণ করে। আমরা আশ্চর্যের সাথে লক্ষ্য করিতেছি যে, ঢাকা হইতে উপজেলা পর্যায়ে অনুদান বিতরণে ব্যাংকগুলি তিন-চারি সপ্তাহ সময় নেয়। সরকার বেসরকারী শিক্ষকদের অক্টোবর ও নভেম্বর মাসের সরকারী অনুদানের চেক ৪ঠা ডিসেম্বর ব্যাংকে প্রদান করিয়া বেতন গ্রহণের জন্য শিক্ষকগণকে ব্যাংকের সাথে যোগাযোগ করার উপদেশ দিয়াছেন। এই খবর সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। কিন্তু জানুয়ারীর প্রথম ভাগ পর্যন্ত সেই অনুদানের অর্থ শিক্ষকদের হাতে পৌঁছে নাই। বাংলাদেশী ব্যাংকগুলির শম্বুক গতির এই লেনদেনের নমুনা ব্যাংক ব্যবস্থাপনার চরম ব্যর্থতারই এক রেকর্ড। অবস্থার এই প্রেক্ষাপটে আমাদের আবেদন যে, ব্যাঙ্কের প্রধান শাখায় সরকারী বেতনের অনুদানের চেক জমা দিবার এক সপ্তাহের মধ্যেই ব্যাঙ্কগুলি যাহাতে শিক্ষকদের হাতে বেতনের টাকা তুলিয়া দেয় তাহার ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে।

—সৈয়দ আজহারুল হোসেন,
প্রধান শিক্ষক, ছাতিয়াইন উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ।